

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৩৩

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ১২৩. নামায শুরু করার বর্ণনা।

باب افْتِتَاح الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا أَبُو بَدْرٍ، حَدَّثَنِي زُهَيْرٌ أَبُو خَيْثَمَةَ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الْحُرِّ، حَدَّثَنِي عِيسَى بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مَالِك، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَطَاءٍ، الْحَسَنُ بْنُ الْحُرِّ، حَدَّثَنِي عِيسَى بْنُ عَبْدِ اللَّهِ بْنِ سَهْلِ السَّاعِدِيِّ أَنَّهُ كَانَ فِي مَجْلِسٍ فِيهِ أَجُوهُ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَفِي الْمَجْلِسِ أَبُو هُرَيْرَةَ وَأَبُو حُمَيْدِ السَّاعِدِيُّ وَأَبُو أُسَيْدِ بِهَذَا الْخَبَرِ يَزِيدُ أَقْ يَنْقُصُ قَالَ فِيهِ ثُمَّ رَفْعَ رَأْسَهُ - يَعْنِي مِنَ الرُّكُوعِ - فَقَالَ " سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللَّهُ لَمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللَّهُ لَمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللَّهُ لَعَى كَفَيْهِ وَرُكْبَتَيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُوَ سَاجِدٌ ثُمَّ كَبَّرَ فَجَلَسَ أَكُبُرُ " . فَسَجَدَ فَانْتَصَبَ عَلَى كَفَيْهِ وَرُكْبَتَيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُو سَاجِدٌ ثُمَّ كَبَّرَ فَجَلَسَ أَكْبُرُ " . فَسَجَدَ قَانَتَصَبَ عَلَى كَثَيْ وَرُكْبَتَيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُو سَاجِدٌ ثُمَّ سَاقَ الْحَدِيثَ فَتَوْرَكَ وَنَصَبَ قَدَمَهُ الأَخْرَى ثُنَ إِنْ يَنْهُضَ لِلْقِيَامِ قَامَ بِتَكْبِيرَةٍ ثُمَّ مَرَكَعَ الرَّكُعَتَيْنِ الْأَخْرَيْنِ وَلَمْ يَرْكُرِ التَّوَرُّكَ فِي التَّشَهُ ذِ .

বাংলা

৭৩৩. আলী ইবনুল হুসায়ন ইবনু ইব্রাহীম আব্বাস (রহঃ) অথবা আইয়াশ ইবনু সাহল (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তিনি সাহাবীদের এক মজলিসে উপস্থিত ছিলেন, যেখানে তাঁর পিতা এবং আবৃ হুরায়রা (রাঃ), আবৃ হুমায়েদ আস-সাইদী এবং আবৃ উসায়েদ (রাঃ)-ও উপস্থিত ছিলেন। এই সূত্রে উপোরোক্ত হাদীছ কিছুটা হ্রাসবৃদ্ধি সহ বর্ণিত আছে। রাবী বলেন, অতঃপর তিনি (নবী) রুকৃ হতে মাথা উঠিয়ে "সামিআল্লাহু লিমান হামিদাহ আল্লাহুম্মা রব্বানা লাকাল হাম্দ" বলে স্বীয় হস্তদ্বয় উপরে উঠাতেন। অতঃপর তিনি আল্লাহু আকবার বলে সিজদায় যেতেন এবং হাতের তালু, হাঁটু ও পায়ের পাতার উপর ভর করে সিজদা করতেন। অতঃপর আল্লাহু আকবার বলে তিনি পাছার উপর ভর করে বসতেন এবং অপর পা-খানি সোজা করে রাখতেন। অতঃপর তাকবীর বলে সিজদা করতেন এবং পুনরায় তাকবীর বলে সিজদা হতে উঠে সোজা হয়ে দাঁড়াতেন। তিনি এ সময় আর বসতেন না।



এইরূপে হাদীছটি বর্ণিত হয়েছে। রাবী বলেন, অতঃপর তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দুই রাকাতের পর বসে যখন দাঁড়াতে ইচ্ছা করতেন, তখন আল্লাহু আকবার বলে দাঁড়াতেন এবং এইভাবে নামাযের শেষের দুই রাকাত সম্পন্ন করতেন। এই বর্ণনায় শেষ বৈঠকেও বাম পাশের পাছার উপর বসার কথা উল্লেখ নাই।

English

Abbas or 'Ayyash b. Sahl as-Sa'idi said that he was present in a meeting which was attended by his father who was one of the companions of the Prophet(), Abu Hurairah, Abu Humaid al-Sa'idi and Abu Usaid. He narrated the same tradition with a slight addition or deletion. He said: He then raised his head after bowing and uttered: "Allah listens to him who praises Him, to Thee, our Lord, be the praise," and raised his hands. He then uttered: "Allah is most great"; then he prostrated himself and rested on his palms, knees, and the end of his toes while prostrating: then he uttered the Takbir (Allah is most great), and sat down on his hips and raised his other foot; then he uttered the takbir and prostrated himself; then he uttered takbir and stood up, but did not sit on his hips. He (the narrator) then narrated the rest of the tradition. He further said: Then he sat down at the end of two rak'ahs; when he was about to stand after two rak'ahs, he uttered the takbir; then he offered the last two rak'ahs of the prayer. The narrator did not mention about his sitting on the hips spreading out his feet.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন